দৈনিক জনকণ্ঠ
20 FEB 2017
২৮ ৮

# শিক্ষকের বিচার দাবিতে পরীক্ষা বর্জন

**স্টাফ রিপোর্টার, যশোর অফিস ॥** বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের দুই শিক্ষকের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ তুলে শিক্ষার্থীরা রবিবার পরীক্ষায় অংশ নেয়নি।

রবিবার তারা পরীক্ষা বর্জন করে প্রশাসনিক ভবনের সামনে অবস্থান কর্মসূচী পালন করেছে। এক পর্যায়ে দুই শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নিতে তারা বিভাগীয় প্রধান, রেজিস্ট্রারসহ কর্মকর্তাদের কাছে লিখিত দেন। ঘটনা তদন্তে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তদন্ত কমিটি গঠন করেছে।

শিক্ষার্থীদের অভিযোগ, ফার্মেসি বিভাগের সহকারী অধ্যাপক রফিকুল ইসলাম ও রশিদুর রহমান তাদের সঙ্গে দুর্ব্যবহার করেন। তারা মৌখিক, ল্যাব ও পরীক্ষায় ফেল করিয়ে দেয়ার হুমকি দেন। সর্বশেষ চলমান সেমিস্টার পরীক্ষা পেছনের দাবি নিয়ে গেলে শিক্ষার্থীদের সম্পর্কে বাজে কথা বলেন। শিক্ষার্থীদের অভিযোগ ৭টি সেমিস্টার পরীক্ষার মধ্যে ৫টি সম্পন্ন হয়েছে। গত ১৪ ফেব্রুয়ারি এক ছাত্রী সড়ক দুর্ঘটনায় আহত হয়। এ জন্য তারা পরের দুটি পরীক্ষা পেছনের দাবি করেন। এতে ওই ছাত্রীর চরিত্র নিয়ে প্রশ্ন তোলেন।

সেই সঙ্গে সকল শিক্ষার্থীর যোগ্যতা নিয়েও আজেবাজে কথা বলেন। এ জন্য তারা শিক্ষকের বিচার ও পরীক্ষা পেছানোর দাবিতে রবিবার অবস্থান কর্মসূচী পালন করেছে।

এ বিষয়ে জানতে চাইলে ফার্মেসি বিভাগের বিভাগীয় প্রধান জসিম উদ্দিন বলেন, শিক্ষার্থীরা রবিবারের পরীক্ষা বর্জন করে দাবি আদায়ে অবস্থান কর্মসূচী পালন করেছে। তবে বিশ্ববিদ্যালয়ের অন্যসব কার্যক্রম স্বাভাবিক ছিল।

তিনি আরও জানান, শিক্ষার্থীদের লিখিত অভিযোগের প্রেক্ষিতে অভিযুক্ত দুই শিক্ষকের বিষয়ে তদন্ত করতে কমিটি গঠন করা হয়েছে। তবে কমিটিতে কে কে আছেন তা তিনি তাৎক্ষণিকভাবে জানাতে পারেননি।